Office of the Director (Finance & Accounts)
University of Barishal
Phone: 0431-2177431, Cell: +8801716-347927
Pabx: 0431-2177770-78 (Ex-1150), Fax: 0431-61827
web: www.bu.ac.bd
E-mail: director-finance@ bu.ac.bd

অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
ফোন: ০৪৩১-২১৭৭৪৩১, মোবা: +৮৮০১৭১৬-৩৪৭৯২৭
পিএবিএক্স: ০৪৩১-২১৭৭৭৭০-৭৮ (Ex-১১৫০), ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: www.bu.ac.bd
E-mail: director-finance@ bu.ac.bd

স্মারক নং- বিইউ/অর্থ ও হিসাব/প্রশাসনিক অনুমোদন/১০৭/২০১৭/২২৭০

তারিখ ঃ ২৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অতীব জরুরী নোটিশ

প্রাপক:

সকল ডিন/প্রভোস্ট/চেয়ারম্যান/দপ্তর প্রধান/শাখা প্রধান
বরিশাল বিশ্ববিদ্যালয়।

প্রেরক: অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ গৃহিত অগ্রিম সমন্বয় প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) এর বাজেট অ্যাসেসমেন্ট দল আগামী ০৭/১২/২০২৬ তারিখ হতে ০৮/১২/২০২৬ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত ও ২০২৭-২৮ অর্থ বছরের মূল বাজেট অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনা করবেন (কপি সংযুক্ত)। বিমকের বাজেট অ্যাসেসমেন্ট টিম কর্তৃক বাজেট পর্যালোচনা সংযুক্ত পত্রের আলোকে আপনার বিভাগ/অফিস/দপ্তরের প্রয়োজনীয় কাগজ পত্র প্রস্তুত রাখা প্রয়োজন।

আপনার বিভাগ/অফিস/দপ্তরের অসমন্বিত অগ্রিমসমূহ জরুরী ভিত্তিতে আগামী **১৯/১১/২০২৬** খ্রি. তারিখের মধ্যে সমন্বয়ের জন্য অনুরোধ করা হ'ল।

উল্লেখ্য, গৃহিত অগ্রিম সমন্বয়ে ব্যর্থ হলে তা ব্যক্তিগত দায় বলে বিবেচিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

১২/১১/২০২৬

(সুব্রত কুমার বাহাদুর)
অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব)
অর্থ ও হিসাব পরিচালকের অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়।
মোবাঃ ০১৭১৬-৩৪৭৯২৭

সংযুক্তি:
১। বিমক এর পত্র।

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ
১। রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে নোটিসটি প্রদর্শনের অনুরোধসহ), বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩। পিএস টু ভিসি (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। নোটিশ বোর্ড (সকল), বরিশাল বিশ্ববিদ্যালয়।
৫। অফিস কপি।
৬। সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫২.২০.০১৪.২০-২৬২৭ (১১)

তারিখঃ ০৯ নভেম্বর ২০২৬

বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত ও ২০২৭-২৮ অর্থবছরের মূল বাজেট অ্যাসেসমেন্ট প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, The University Grants Commission of Bangladesh Order, 1973 এর 5.(1) (b) ও (c) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়সমূহের আর্থিক চাহিদা নিরুপণ ও সরকার হতে প্রাপ্ত অর্থের মধ্যে বিশ্ববিদ্যালয়সমূহের বাজেট সংস্থান করার বাধ্যবাধকতা রয়েছে। এ উদ্দেশ্যে আপনার বিশ্ববিদ্যালয়ের ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত ও ২০২৭-২৮ অর্থবছরের মূল বাজেট চাহিদা নিরুপণসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে পর্যালোচনার জন্য কমিশনের অর্থ, হিসাব ও বাজেট বিভাগের উপ-পরিচালক (বাজেট) জনাব মোঃ এমদাদুল হক, উপ-পরিচালক (হিসাব) জনাব মোঃ আব্দুল আলীম, সিপিএ ও প্রশাসনিক কর্মকর্তা (বাজেট) জনাব মোঃ আতাউর রহমান ০৭-০৮ ডিসেম্বর ২০২৬ তারিখ বাজেট অ্যাসেসমেন্ট কার্যক্রমে অংশগ্রহণপূর্বক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে বাজেট অ্যাসেসমেন্ট ও খসড়া বাজেট সভায় মিলিত হবেন। এসময় বাজেট অ্যাসেসমেন্ট দলকে সংযুক্ত চাহিদা পত্রে (সংযুক্তি: ০১) উল্লেখিত তথ্য, কাগজপত্র, বিল-ভাউচার, ব্যক্তিগত নথি, নিয়োগ প্রক্রিয়া, পেনশন সংক্রান্ত তথ্যাদি ও আনুষঙ্গিক দলিল-পত্রাদি সরবরাহপূর্বক সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, কমিশনের অর্থ, হিসাব ও বাজেট বিভাগের দায়িত্বপ্রাপ্ত সদস্য/পরিচালক মহোদয় বাজেট অ্যাসেসমেন্ট দলের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন এবং প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের খসড়া বাজেট সভায় অংশগ্রহণ করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৭.১১.২০২৬

মোঃ এমদাদুল হক
উপ- পরিচালক (বাজেট)
অর্থ, হিসাব ও বাজেট বিভাগ

উপাচার্য,

বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

দৃষ্টি আকর্ষণ: পরিচালক (অর্থ ও হিসাব), বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫২.২০.০১৪.২০-

তারিখঃ ০৯ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
২। পিএস (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। জনাব মোঃ এমদাদুল হক, উপ-পরিচালক (বাজেট), অর্থ, হিসাব ও বাজেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। জনাব মোঃ আব্দুল আলীম, সিপিএ, উপ-পরিচালক (হিসাব), অর্থ, হিসাব ও বাজেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৫। জনাব মোঃ আতাউর রহমান, প্রশাসনিক কর্মকর্তা (বাজেট), অর্থ, হিসাব ও বাজেট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৬। ব্যাক্তিগত কর্মকর্তা, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

০৭/১১/২০২৬

মোঃ আতাউর রহমান
প্রশাসনিক কর্মকর্তা (বাজেট)
অর্থ, হিসাব ও বাজেট বিভাগ

CamScanner

বাজেট পর্যালোচনাকালীন যেসকল তথ্য/কাগজপত্র/দলিলপত্রাদি বাজেট টিমের প্রয়োজনীয় কার্যার্থে প্রস্তুত/সংরক্ষণ রাখতে হবে তার তালিকাঃ

- ☐ ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত ও ২০২৭-২৮ অর্থবছরের মূল এবং ২০২৮-২৯ ও ২০২৯-৩০ অর্থবছরের প্রক্ষেপন বাজেটের পূর্ণাঙ্গভাবে [illegible] বাজেট সেট। বাজেট সেট এর কোন তথ্য পূরণ ছাড়া রাখা যাবে না;
- ☐ জাতীয় বেতনস্কেল ২০২৬ অনুযায়ী পে-ফিক্সেশন এর সকল কপি;
- ☐ নতুন নিয়োগকৃত জনবলের ফিক্সেশন কপি ও নিয়োগপত্রসহ ব্যক্তিগত নথি;
- ☐ ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছর এবং ২০২৬-২৭ অর্থবছরে বকেয়া বেতন/ভাতাদি প্রদানকৃতগণের নামের তালিকা, পদবী, বকেয়া প্রদানের পরিমান, কি কারণে বকেয়া প্রদান করা হয়েছে তার বিবরণ, কমিশনের অনুমোদন সংক্রান্ত তথ্য;
- ☐ পূর্বের অর্থবছরের কোন ব্যয় চলমান থাকলে তার তালিকা ও কমিশনে পত্র প্রেরণ সংক্রান্ত প্রমানক;
- ☐ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত অর্গানোগ্রাম;
- ☐ অনুমোদিত পেনশন সংবিধি, অনুমোদিত চাকুরি প্রবিধানমালা/সংবিধি (যদি থাকে);
- ☐ বিশ্ববিদ্যালয়ের সকল আইন, বিধিমালা, সম্মানীর হার, পরিক্ষা পারিতোষিকের হার ও অন্যান্য নীতিমালার কপি;
- ☐ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের পদোন্নতি ও পদোন্নয়নের নীতিমালা;
- ☐ বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংশোধিত ও মূল);
- ☐ প্রশিক্ষণের বার্ষিক পরিকল্পনা ও চাহিত বাজেট এর পরিমান;
- ☐ বার্ষিক কর্মপরিকল্পনা ও চাহিত বাজেট এর পরিমান;
- ☐ প্রভিডেন্ট ফান্ড সংক্রান্ত নীতিমালা;
- ☐ ২০২৫-২৬ অর্থবছরের ব্যাংক রিকন্সিলেশনসহ চূড়ান্ত হিসাব বিবরণী;
- ☐ বাজেট পরীক্ষার পূর্বের মাস পর্যন্ত সময়ের মাসিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী;
- ☐ বিশ্ববিদ্যালয়ের আয়ের পূর্ণ বিবরণী। ভর্তি পরীক্ষা হতে প্রাপ্ত আয় ও ব্যয়ের হিসাব প্রয়োজনীয় দলিলাদিসহ;
- ☐ বিমক কর্তৃক বরাদ্দপত্র, পরিপত্র ও বিবেচ্য বিষয়সমূহ;
- ☐ যানবাহন ক্রয় সংক্রান্ত ব্লু বুক ও ব্যবহার সংক্রান্ত লগ বই;
- ☐ যানবাহনের বিবরণ, ব্যবহারকারীর নাম/পদবী, জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিবরণী;
- ☐ যানবাহনের বীমা, রোড ট্যাক্স ও রেজিস্ট্রেশন ফি এর তালিকা (যানবাহনের রেজি: নাম্বার উল্লেখপূর্বক);
- ☐ বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ ও ক্যাম্পাস্থ ভাড়াকৃত অতিথি ভবনের এন্ট্রি ও আয় রেজিস্টার;
- ☐ সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদন;
- ☐ কমিশন কর্তৃক অনুমোদিত জনবল বিবরণী অনুমোদনের কপি ও তথ্য প্রমানসহ। বাজেট সেট এ উল্লিখিত জনবল ও কমিশনের অনুমোদিত [illegible] মধ্যে প্রমানাদি উপস্থাপন সাপেক্ষে সঠিক থাকতে হবে। রেজিস্ট্রার দপ্তর উক্ত তথ্য সমূহ সঠিকভাবে সরবরাহ করবেন। অন্যথায় প্রয়োজনীয় [illegible] বরাদ্দ ব্যহত হওয়ার সম্ভাবনা থাকে;
- ☐ সংশ্লিষ্ট অর্থবছর ও পূর্ববর্তী অর্থবছরের মধ্যে নিয়োগকৃত জনবলের হিসাব, নিয়োগ প্রক্রিয়াসহ ব্যক্তিগত নথি ও উক্ত অর্থ বছর এবং পরবর্তী অর্থবছরে নিয়োগ প্রক্রিয়াধীন থাকলে অথবা পরিকল্পনায় থাকলে তার বিজ্ঞপ্তি অথবা অনুমোদনের কপি;
- ☐ সংশ্লিষ্ট অর্থবছর ও পূর্ববর্তী অর্থবছরের মধ্যে পদোন্নতি/পদোন্নয়ন/আপগ্রেডেশন প্রদানকৃত জনবলের নাম, পদবী, পূর্ব পদ, পূর্ব গ্রেড, পদোন্নতি/পদোন্নয়ন/আপগ্রেডেশন প্রাপ্ত গ্রেড, পদোন্নতি/পদোন্নয়ন/আপগ্রেডেশন প্রাপ্তির সংখ্যাসহ অন্যান্য তথ্য;
- ☐ চুক্তিভিত্তিক নিয়োজিতগণের নিয়োগ প্রক্রিয়াসহ ব্যক্তিগত নথি ও কমিশনের অনুমোদন সংক্রান্ত দলিলাদি;
- ☐ খন্ডকালীন শিক্ষকদের নিয়োগকৃতগণের নিয়োগ প্রক্রিয়াসহ অন্যান্য আনুষঙ্গিক নথি ও কমিশনের অনুমোদন সংক্রান্ত দলিলাদি;
- ☐ পেনশন ফান্ডের হিসাব ও পেনশনারগণের সঠিক হিসাব (ছুটি নগদায়ন, আনুতোষিক ও পেনশন প্রাপ্তির অফিস আদেশসহ)। পেনশন সংক্রান্ত বাজেট প্রাপ্তির জন্য কর্মকর্তা/কর্মচারীদের পূর্ণাঙ্গ তথ্য ব্যক্তিগত নথিতে থাকা আবশ্যক। যেমনঃ নিয়োগ বিজ্ঞপ্তির কপি, নিয়োগপত্র, সকল পদে নিয়োগ/পর্যায়োন্নয়ন এর তথ্য, অন্য প্রতিষ্ঠান হতে যোগদান করলে তার পূর্ণাঙ্গ তথ্য, অর্জিত ছুটির হিসাব ইত্যাদি;
- ☐ বিশ্ববিদ্যালয়ে আবাসনে বসবাসরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা ও বাড়ী ভাড়া কর্তনের হার এবং পরিমান;
- ☐ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন তহবিলের চূড়ান্ত হিসাব বিবরণী ও স্থিতির পরিমান;
- ☐ ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের ব্যবহৃত ক্যাশবুক, লেজার, রেজিষ্টার, বিল ভাউচার ও অন্যান্য তথ্যাদি;
- ☐ পরিক্ষা পারিতোষিকের বর্তমান হারসহ ২০২৫-২৬ অর্থবছরে এ খাতে ব্যয় ও ২০২৬-২৭ এবং ২০২৭-২৮ অর্থবছরের চাহিদার পূর্ণাঙ্গ বিবরণী;
- ☐ মেরামত খাতে বাজেট বরাদ্দের ক্ষেত্রে সম্ভাব্য ব্যয়সহ মেরামতের পূর্ণ বিবরণী প্রমানাদিসহ;
- ☐ অন্যান্য খাতে নিয়মিত বাজেটের অতিরিক্ত চাহিদার ক্ষেত্রে চাহিদার যৌক্তিকতা, প্রয়োজনীয় দলিলাদি ও চাহিদার বিষয়ে কমিশনের অনুমোদন পত্রের কপি;
- ☐ ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থ বছরে বিশেষ বরাদ্দসমূহের বিপরীতে ব্যয়ের বিস্তারিত বিবরণ ও প্রয়োজনীয় কাগজপত্রাদি;
- ☐ দায়িত্ব ভাতা প্রাপ্তগণের ভাতার হারসহ তালিকা;
- ☐ মাস্টার রোল/দৈনিক ভিত্তিক/সিকিউরিটি গার্ড/ আনসার/ আউটসোর্সিং (যদি থাকে) এর তালিকা, কমিশনের অনুমোদন সংক্রান্ত দলিলাদি ও প্রয়োজনীয় বাজেটের পরিমান;
- ☐ অসমন্বিত অগ্রিমের তালিকা;
- ☐ ড্রাইভার (১১-১৬ গ্রেড পর্যন্ত), ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের মধ্যে যেসকল কর্মচারী পোষাক পাবে তাদের তালিকা ও চাহিত বাজেটের [illegible] বিবরণীসহ পরিমান;
- ☐ ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের শ্রান্তি বিনোদন প্রাপ্যগণের তালিকা ও চাহিত বাজেটের পরিমান;
- ☐ বইক্রয়ের পুনর্ভরণের ক্ষেত্রে ১২০০/- টাকার উর্দ্ধে প্রদত্ত হলে বইক্রয় ভাতা প্রাপ্তগণের তালিকা ও টাকার পরিমান;
- ☐ ইন্টার্নী ভাতা (যদি থাকে) প্রাপ্তগণের তালিকা ভাতার হারসহ নীতিমালা ও কমিশনের অনুমোদন সংক্রান্ত দলিলাদি।
- ☐ সকল প্রকার ভাড়ার (যানবাহন, অফিস, গেস্ট হাউজ ও হল) ক্ষেত্রে কমিশন কর্তৃক অনুমোদন ও চুক্তিপত্রের কপি;
- ☐ সরকারি নিয়মের বাইরে অতিরিক্ত হারে কাউকে কোন সম্মানী, ভাতা অথবা যেকোন অতিরিক্ত সুযোগ সুবিধা প্রদান করা হলে সুবিধাভোগীগণের নাম ও প্রদত্ত সুবিধার পরিমান উল্লেখ করতে হবে।

A. Hossain